মেহেরপুরে বিএনপির ও অঙ্গ - সংগঠনের লিফলেট বিতরণ

দ্বাদশ জাতীয় নির্বাচন প্রত্যাখ্যান করে মেহেরপুরে গণসংযোগ কর্মসূচি পালন করেছে বিএনপি। রবিবার (১৪ জানুয়ারি) কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে দলটির নেতাকর্মীরা এ কর্মসূচি পালন করেন।

রবিবার সকাল ৯ টার সময় বড়বাজার কাঁচাবাজার এলাকায় জেলা বিএনপি ও সহযোগী অংক সংগঠনের নেতাকর্মীরা এবং সকাল ১১ টার দিকে শহরের কোর্টমোড় এলাকায় জেলা জাতীয়তাবাদী মহিলা দলের উদ্যোগে সড়কে থাকা সাধারণ মানুষ ও ব্যবসা প্রতিষ্ঠানে লিফলেট বিতরণ করা হয়।

ভোট বর্জনের আহ্বানে ঝিনাইদহে বিএনপি’র লিফলেট বিতরণ

এক দফা দাবি আদায়ে বিএনপি’র অসহযোগ আন্দোলনে জাতীয় সংসদ নির্বাচন বর্জনের আহ্বানে ঝিনাইদহে বিএনপি লিফলেট বিতরণ করেছে।

শনিবার সকালে কালীগঞ্জ উপজেলা বিএনপির’ আয়োজনে বানুড়িয়া বাজার এলাকায় সাধারণ মানুষের মাঝে এ লিফলেট বিতরণ কর্মসূচি পালন করা হয়। সেসময় কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ, উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম সাইদুল, ইলিয়াসুর রহমান মিঠুসহ অন্যান্য নেতৃবৃন্দ অংশ নেয়। তারা বিভিন্ন হাট বাজার, দোকানপাটে গিয়ে সাধারণ ভোটার ও মানুষের অবৈধ ভোট বর্জনে আহবান জানান ও লিফলেট বিতরণ করেন।

৭ জানুয়ারীর ডামি নির্বাচন বর্জন করতে হবে এমনকি সকলকে ভোট কেন্দ্রে নিজে না যাওয়া ও অন্যকেও না যেতে আহবান জানান বিএনপি নেতারা।

মেহেরপুরে প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের লিফলেট বিতরণ

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের লিফলেট বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় সামনে থেকে মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের লিফলেট বিতরণ শুরু হয় এবং কাথুলী তেল পাম্পের সামনে গিয়ে শেষ হয়।

লিফলেট বিতরণে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আ খ ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল, মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মুজিবনগর উপজেলা আওয়ামী যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য জেমস স্বপন মল্লিক, মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা, বঙ্গবন্ধু সৈনিকলীগের কেন্দ্রীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য এ্যাড. আমজাদ আলী,

মেহেরপুর পৌর যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুজ্জামান সুইট, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা, মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক লাভলী ইয়াসমিন, মেহেরপুর মহিলা পৌর আওয়ামী লীগের সভাপতি রেহেনা মান্নান, ছাত্রনেতা ইউনুস আলী, ছাত্রনেতা ইব্রাহিম, সপুরা খাতুন সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বিএনপির লিফলেট বিতরণ

দামুড়হুদায় ডামি নির্বাচন বর্জন ও অসহযোগ আন্দোলনের জনমত তৈরি, দলীয় নেতা কর্মীদের নামে মিথ্যা মামলা, সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তির দাবিতে লিফলেট বিতরণ করা হয়েছে।

গতকাল শনিবার বিকালে দামুড়হুদা শহরের বিভিন্ন এলাকায় দামুড়হুদা থানা বিএনপির উদ্যোগে এ লিফলেট বিতরণ করা হয়।

লিফলেট বিতরণের সময় উপস্থিত ছিলেন থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন, থানা যুবদলের আহ্বায়ক মাহাবুবুর রহমান বাচ্চু, যুগ্ন আহ্বায়ক সোহেল রানা, যুবদল নেতা আনিচুর রহমান, আমিনুল ইসলামসহ থানা বিএনপি, যুবদল ছাত্রদল ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে বিএনপির লিফলেট বিতরণ

ডামি নির্বাচন বর্জন ও অসহযোগ আন্দোলনের জনমত তৈরি, দলীয় নেতা কর্মীদের নামে মিথ্যা মামলা, সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তির দাবিতে লিফটের বিতরণ করা হয়েছে।

আজ শনিবার (২৩শে ডিসেম্বর) দুপুরে পৌর শহরের বিভিন্ন এলাকায় কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে এ লিফলেট বিতরণ করা হয়।

লিফলেট বিতরণের সময় উপস্থিত ছিলেন পৌর বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল, সাধারণ সম্পাদক আবুল কাশেম, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম সম্পাদক হুমায়ুন কবির মিলন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু,সাংগঠনিক সম্পাদক (২) শাহাবুদ্দিন সাবু, থানা বিএনপির দপ্তর সম্পাদক শহীদুল ভুইয়া,পৌর বিএনপির প্রচার সম্পাদক কাজি মোস্তাক, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, পৌর কৃষক দলের আহ্বায়ক কৃষিবিদ ফিরোজ উদ্দিন মানিক ও সদস্য সচিব মিজান সরকার, উপজেলা ছাত্র দলের সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, পৌর ছাত্র দলের সদস্য সচিব ফজলে রাব্বি, পৌর যুবদলের যুগ্ম আহবায়ক মনির হোসেন টুটুল, রিয়াজ হোসেন বেনজামিন,নাহিদ হোসেন টিপু, দোড়া ইউনিয়ন যুবদলের আহবায়ক ও সাবেক ইউপি সদস্য মহিদুল ইসলাম,যুবদল নেতা ইমরান,সোহান,ফয়সল,পৌর ছাত্রদলের যুগ্ম আহবায়ক সাইহাফ আল জাবির প্রমুখ, এ সময় উপজেলা ও পৌর বিএনপি এবং সকল অঙ্গ সংগঠনের নেতা- কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা যুবলীগের

একাংশের লিফলেট বিতরণ

সরকারের উন্নয়ন ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের মেহেরপুরে উন্নয়নের চিত্র তুলে ধরতে মেহেরপুরে জেলা যুবলীগের একাংশের লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার ২৯ জুলাই বিকালে সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের সোনাপুর গ্রামে জনসাধারণের মাঝে এ লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে লিফলেট বিতরণে অংশ নেন সদর উপজেলা যুবলীগের সভাপতি মোহাম্মদ আনোয়ার হোসেন আনু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল,সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলাম,যুবলীগ নেতা নাসির আহমেদ, পিরোজপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ইউপি সদস্য ইসকান্দার মাহবুদ বিপ্লব, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মোঃ কুতুব উদ্দিন বিশ্বাস প্রমুখ।

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর পক্ষে উন্নয়নমূলক কার্যক্রমের লিফলেট বিতরণ

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির পক্ষ থেকে মেহেরপুর জেলার সর্বস্তরের মানুষের মাঝে মেহেরপুর জেলার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের লিফলেট বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার বিকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির বাসভবন থেকে লিফলেট বিতরণ শুরু করে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কাথুলি রোড তেল পাম্পের সামনে গিয়ে শেষ হয়।

লিফলেট বিতরণে ছাত্রলীগ, যুব মহিলা লীগ, ইয়াং বাংলা ফিউচার

লিডারস এর সদস্যরা সহ বিভিন্ন সংগঠনের নেতাকর্মীরা সক্রিয় ভাবে অংশ গ্রহণ করে।

মুজিবনগরে যুবদল ও ছাত্রদলের লিফলেট বিতরণ

“দেশ বাঁচাও মানুষ বাঁচাও” এখনই সময়, জেগে ওঠো তরুণ, হাতে হাত রাখো, তোমার তারুণ্যদীপ্ত কণ্ঠে ধ্বনিত হোক, গণতন্ত্র মুক্তির শ্লোগান এই স্লোগানকে সামনে রেখে দেশ বাঁচাতে ১৭ জুলাই খুলনা মহানগরীতে তারুণ্যের সমাবেশ সফল করতে লিফলেট বিতরণ করেছেন মুজিবনগর উপজেলা জাতীয়তাবাদী যুবদল।

শনিবার বিকেলে দারিয়াপুর বাজারে উপজেলা জাতীয়তাবাদী যুবদলের আহ্বায়ক আবুল হাসান এবং সদস্য সচিব আনোয়ারুল ইসলামের নেতৃত্বে এই লিফলেট বিতরণ করা হয়। এ সময় জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মেহদী হাসান রোকনসহ উপজেলা যে যুবদলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে দুপুর ১ টার দিকে মুজিবনগর উপজেলা জাতীয়তাবাদী ছাত্রদল কেদারগঞ্জ বাজারে খুলনা মহানগরীতে তারুণ্যের সমাবেশ সফল করতে লিফলেট বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, কেন্দ্রীয় ছাত্রদলের যোগাযোগ বিষয়ক সম্পাদক মিনহাজ আহমেদ প্রিন্স, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হোসেন, সেক্রেটারি আলমগীর হোসেন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের আহবায়ক আকিব জাভেদ সেনজির, সদস্য সচিব আফিরুল ইসলাম সহ ছাত্রদলের নেতৃবৃন্দ।

মেহেরপুরে ১০ দফা বাস্তবায়নের দাবিতে জেলা বিএনপির লিফলেট বিতরণ

আগামী ৪ ফেব্রুয়ারী খুলনা বিভাগীয় সমাবেশ সফল করার লক্ষ্যে ও বিএনপি ঘোষিত যুগপৎ আন্দোলনে ১০ দাবি বাস্তবায়নে লিফলেট বিতরণ করেছে জেলা বিএনপি।

আজ বৃহস্পতিবার (২ ফেব্রুয়ারি) সকালে জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে দলীয় নেতকর্মীদের নিয়ে পথচলতি মানুষ ও বিভিন্ন ব্যবসায়ীদের লিফলেট বিতরণ করেন।

এসময় জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন ও জেলা ছাত্রদলের সভাপতি খোরশেদ আলম সহ অন্যান্য অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।